44

দৈনিক বাংলা

তারিখ 09 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

# জনগণ শিক্ষিত হলে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত হবেঃ তথ্যমন্ত্রী

দোহার, ৮ ফেব্রুয়ারী।– ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী তরিকুল ইসলাম শিক্ষাঙ্গনে সুষ্ঠু, সুন্দর ও সন্ত্রাসমুক্ত পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষক, অভিভাবক ও ছাত্রদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, পৃথিবীতে যে জাতি যতো বেশী শিক্ষিত সে জাতি তাদের কাংখিত লক্ষ্য অর্জনে তত বেশী সচেষ্ট হয়েছে।

মন্ত্রী মঙ্গলবার দোহার থানার জয়পাড়া ডিগ্রী কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত নবীন বরণ অনুষ্ঠান ও কার্তিক পুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন উপলক্ষে আয়োজিত দু'টি পৃথক ছাত্র সমাবেশে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা দেন। খবর তথ্যবিবরণীর।

তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নাজমুল হুদা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

জয়পাড়া কলেজ ছাত্র সংসদের সভাপতি মাসুদ পারভেজের সভাপতিত্বে এ সমাবেশে অন্যান্যের মধ্যে জয়পাড়া কলেজ ছাত্র সংসদের সভাপতি আহসান হাবিব নওয়াব, সহকারী সাধারণ সম্পাদক ফজলুল হক বেলায়েতী, কলেজ ছাত্রদলের

(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) তথ্যমন্ত্রী

সাধারণ সম্পাদক আবুল হাসনাত, দোহার থানা বিএনপির সভাপতি সিরাজউদ্দিন ও সাধারণ সম্পাদক এমএ সাত্তার, যুবদল নেতা আঃ ছালাম ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলের সাধারণ সম্পাদক শামসুজ্জামান মেহেদী বক্তৃতা করেন।

স্বাধীনতাযুদ্ধ ও স্বৈরাচার বিরোধী আন্দোলনে ছাত্র সমাজের গৌরবোজ্জ্বল ভূমিকার কথা উল্লেখ করে জনাব তরিকুল ইসলাম ছাত্র সমাজকে অন্যায় ও অসত্যের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে গঠনমূলক রাজনীতি চর্চা করার আহবান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী নাজমুল হুদা বলেন, বর্তমান সরকার শিক্ষাখাতে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। দেশের বারো কোটি মানুষকে সম্পদে পরিণত করার জন্য ব্যাপক শিখা বিস্তার কার্যক্রম নেয়া হয়েছে। জনাব হুদা বলেন, সকল মানুষ শিক্ষিত হলে তারা রাজনীতি বুঝতে পারবেন এবং যোগ্য ব্যক্তিকে ভোট দিয়ে নির্বাচিত করতে পারবেন। দেশের সমস্যা অনুধাবন করে তা সমাধানের জন্য শিক্ষা অপরিহার্য বলেও তিনি উল্লেখ করেন।

তথ্যমন্ত্রী বলেন, বিগত ৯ বছরে খালেদা জিয়ার আপোসহীন নেতৃত্বে স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলন করে জনগণের ভোটে বর্তমানে একটি নির্বাচিত সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছে। তিনি বলেন, জনগণ যত শিক্ষিত হবে গণতন্ত্র তত সুপ্রতিষ্ঠিত হবে।

জনাব হুদা বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ১৯ দফা বাস্তবায়নের মাধ্যমে জনগণের ৫টি মৌলিক চাহিদা পূরণ করতে চেয়েছেন। বর্তমান সরকার দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে দারিদ্র্য বিমোচন, খাদ্য ও মৎস্য উৎপাদন, রাস্তা নির্মাণ, স্কুল কলেজে অনুদান প্রদান ইত্যাদি কর্মসূচী বাস্তবায়ন করছে। তিনি বলেন, পর্যায়ক্রমে স্থানীয় সমস্যাসমূহ সমাধান করে নির্বাচনী ওয়াদা পূরণ করা হবে।

তথ্যমন্ত্রী নাজমুল হুদা পরে দোহার থানায় একটি ব্যাডমিন্টন টুর্নামেন্টও উদ্বোধন করেন।